# আইফোন ১৫ বাজারে

আশফাক আহমেদ



বিশ্বজুড়ে আইফোনপ্রেমীরা অপেক্ষায় ছিলেন এই মাহেন্দ্রক্ষণের। আইফোন ১৫ সিরিজে চারটি ফোন এনেছে অ্যাপল। এগুলো হলো আইফোন ১৫, আইফোন ১৫ প্লাস, আইফোন ১৫ প্রো এবং আইফোন ১৫ প্রো ম্যাক্স। এই সিরিজের প্রো মডেলগুলোতে অত্যাধুনিক এ১৭ বায়োনিক চিপসেট ব্যবহার করা হয়েছে। অ্যাপেলের দাবি, এটি ৩ ন্যানোমিটার প্রসেসর এবং আগের প্রসেসরের থেকে ১০ গুণ বেশি শক্তিশালী। আইফোন ১৫-এর দাম বিশ্ববাজারে ৭৯৯ ডলার থেকে শুরু, যা বাংলাদেশি মুদ্রায় ৮৭ হাজার ৩৩৭ টাকা। আইফোন ১৫ প্লাস ৮৯৯ ডলার থেকে শুরু, যা বাংলাদেশি মুদ্রায় ৯৮ হাজার ২৬৮ টাকা। আইফোন ১৫ প্রো ৯৯৯ ডলার থেকে শুরু, যা বাংলাদেশি মুদ্রায় ১ লাখ ৯ হাজার টাকা। এবং আইফোন ১৫ প্রো ম্যাক্স ১,১৯৯ ডলার থেকে শুরু, যা বাংলাদেশি মুদ্রায় ১ লাখ ৩১ হাজার টাকা।


আইফোন ১৫-তে নতুন ১০ ফিচার পাবেন আইফোনপ্রেমীরা। যা আইফোন ১৫ ব্যবহার আরও মজার হবে। এরমধ্যে একটি হলো কল করার সময় প্রাপকের ফোনে যা দেখা যায় তা কাস্টমাইজ করা যাবে। পরিচিতি ছবির সঙ্গে ব্যবহারকারীরা তাদের পছন্দের একটি ফটো বা ইমোজি নির্বাচনের মাধ্যমে একটি অনন্য ভিজ্যুয়াল অভিজ্ঞতা তৈরি করতে পারবে। এছাড়াও আইওএস ১৭ ব্যবহারকারীরা অন্য আইফোন ব্যবহারকারীদের কল করার সময় প্রদর্শিত ফন্ট এবং রং সিলেক্ট করে সেটাও কাস্টমাইজ করতে পারবেন। আইওএস ১৭ আইফোন ব্যবহারকারীদের জন্য ভয়েস মেইল অভিজ্ঞতা উন্নত করতে এসেছে নতুন ফিচার। এখন রিয়েল টাইমে বার্তাটির লাইভ ট্রান্সক্রিপশন উপভোগ করতে পারবেন ব্যবহারকারী।

একটি দারুণ সিকিউরিটি ফিচার রয়েছে, যা অনেক ব্যবহারকারী বিশেষ করে বাবা-মায়ের মনে শান্তি নিয়ে আসতে পারে। চেক-ইন ফিচারের সাহায্যে, ব্যবহারকারীরা নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছালে তাদের পরিবারের কাছে স্বয়ংক্রিয়ভাবে অবহিত করতে পারবেন। ট্রান্সক্রিপ্ট করা অডিও বার্তা ফিচারে, সর্বশেষ আপডেটের সঙ্গে পাঠানো অডিও বার্তাগুলো এখন স্বয়ংক্রিয়ভাবে ট্রান্সক্রিপ্ট করা যাবে। এটি ব্যবহারকারীদের কপি করা বার্তা পড়া বা মূল অডিও রেকর্ডিং শোনার মধ্যে বেছে নেওয়ার সুযোগ দেবে। আইওএস ১৭-এর স্টিকার আপডেটের মাধ্যমে ইউজাররা উন্নত মেসেজিং অভিজ্ঞতা পাবেন। লাইভ স্টিকার, ইমোজি স্টিকার এবং মেমোজি স্টিকারসহ নতুন স্টিকারগুলো একটি আধুনিক ও উন্নত পরিষেবা দিতে

সক্ষম। এগুলো আইক্লাউড ইন্টিগ্রেশনের জন্য আইফোন, আইপ্যাড এবং ম্যাকসহ ব্যবহারকারীদের অ্যাপল ডিভাইসে সিংক হবে।

আরও আছে ভয়েসমেল ও ফেসটাইম সুবিধা। ফেসটাইম ভয়েস মেইলগুলোর সঙ্গে যোগাযোগ বাড়ানো আরও সহজ হবে। সবশেষ আপডেটের সঙ্গে আইফোন ব্যবহারকারীদের আর মিসড ফেসটাইম কল নিয়ে চিন্তা করতে হবে না। ভিডিও এবং অডিও বার্তাগুলোর জন্য ব্যবহারকারীরা এখন নিজেদের প্রিয়জনদের সঙ্গে সংযোগ করতে একটি ভয়েস মেইল করতে পারবেন, যখন কলের উত্তর দিতে পারবেন না।

এছাড়া, উন্নত সেটিংসের সঙ্গে উন্নত সিকিউরিটি সেটিংস পাবেন ব্যবহারকারীরা। ইন্টারনেটের মাধ্যমে ব্রাউজ করা থেকে শুরু করে এয়ারড্রপের মাধ্যমে ফটো শেয়ার করা পর্যন্ত, আইওএস ১৭ ব্যবহারকারীদের আপ-টু-ডেট থাকতে সহায়তা করে। এলিভেটেড এয়ারড্রপ কার্যকারিতা এবং উন্নত ওয়্যারলেস সংযোগগুলো সর্বশেষ আপডেটসহ অ্যাপল ব্যবহারকারীদের জন্য চালু হচ্ছে। নতুন জার্নাল অ্যাপ অ্যাপ্লিকেশনের মাধ্যমে ব্যবহারকারীরা জীবনের অভিজ্ঞতাগুলো নির্বিঘ্নে স্টোর করতে পারবেন। এর মাধ্যমে ফটো, ভিডিও ইত্যাদি রেকর্ডিং করে তা স্টোর করে রাখা যাবে। বিরামহীন টাইপিংয়ের জন্য আনা হয়েছে আপগ্রেড অটো কারেক্ট। আইওএস ১৭ একটি স্মার্ট স্বয়ংক্রিয় সংশোধন ফিচার নিয়ে এসেছে। এই আপডেটটি ব্যবহারকারীদের বানান সংশোধন করতে এবং বার্তাগুলো ত্রুটিমুক্ত করতে সাহায্য করবে।



আইফোন ১৫-এর সঙ্গে আরও কিছু গ্যাজেট বাজারে এনেছে অ্যাপল। আইফোন ছাড়াও এসেছে নতুন ওয়াচ সিরিজ ৯ এবং ওয়াচ আল্ট্রা ২। নেক্সট জেনারেশন ওয়াচ সিরিজ ৯'র একাধিক মডেল লঞ্চ করে অ্যাপল। এই স্মার্টওয়াচ দুই ধরনের কেসে পাওয়া যাবে। অ্যালমুনিয়াম কেস যার দাম শুরু বাংলাদেশি মুদ্রায় ৫৫ হাজার ২৪২ টাকা থেকে এবং স্টেনলেস স্টিল কেস, যার দাম শুরু ৯৩ হাজার ৪০০ টাকা থেকে। সেই সঙ্গে এসেছে অ্যাপল ওয়াচ আল্ট্রা ২ ও এয়ারপডস প্রো ২। অ্যাপল ওয়াচ আল্ট্রা ২-এর দাম বাংলাদেশি মুদ্রায় ১ লাখ ১৮ হাজার টাকা। এছাড়া, আপডেটেড এয়ারপডস প্রো ২ ইউএসবি-সি চার্জিং পোর্টসহ বাজারে এনেছে অ্যাপল। এটির দাম শুরু ৩২ হাজার ৮২৭ টাকা থেকে।

## টয়োটার ধোঁয়াবিহীন গাড়ি

পরিবেশ দূষণ ও জলবায়ু পরিবর্তন ঠেকাতে বিশ্বজুড়ে বিকল্প জ্বালানির ব্যবহার বাড়ানোর চেষ্টা চলছে। বিদ্যুতের পর হাইড্রোজেন দ্বারা চালিত যানবাহন নিয়ে আসছে বিভিন্ন কোম্পানি। এবারে এই জ্বালানি চালিত পিকআপ ট্রাক হিলাক্স নিয়ে এসেছে টয়োটা। পিকআপ ট্রাকটি ব্রিটেনের ডার্বি-তে টয়োটার বার্নাস্টন-এর কারখানায় তৈরি। হিলাক্সের হাইড্রোজেন সংস্করণটি এখনও পর্যন্ত প্রোটোটাইপ মডেল হিসেবে রয়েছে। এই বছরের মধ্যে এমন আরও ৯টি নমুনা মডেল তৈরির কথা জানিয়েছে কোম্পানিটি। হিলাক্সে টয়োটা মিরাইয়ের পাওয়ারট্রেন ব্যবহার করা হয়েছে। আর ইলেকট্রিক মোটরকে শক্তি সরবরাহ করবে হাইড্রোজেন ফুয়েল সেল। এই পাওয়ারট্রেনের বিশ্বাসযোগ্যতার জন্য মিরাই গাড়িটি প্রায় ১০ বছর ধরে ব্যবহার হয়ে আসছে। চলার সময় এই ফুয়েল সেল কোন দূষণ ঘটায় না, পাইপ দিয়ে শুধু পানি বেরিয়ে আসবে।

## টিকটকে কেনাকাটা

মূল অ্যাপে বেশ কয়েকটি ফিচার যুক্ত করে টিকটক অনলাইনে কেনাকাটার সুযোগ তৈরি করছে। টিকটক কর্তৃপক্ষের আশা, এটি এশিয়ার অনলাইন প্ল্যাটফর্ম 'শিন' ও পিডিডি হোল্ডিংয়ের 'তেমুর' মতো সাড়া ফেলবে। যুক্তরাষ্ট্রে প্রায় ১৫ কোটি টিকটক ব্যবহারকারী আছে। যেকোনো পণ্য কিনতে হলে তারা এখন নিজেদের নিউজফিডে ওই পণ্যের লিংকসহ ভিডিও ও লাইভ স্ট্রিম দেখতে পারবেন। টিকটক এখন কনটেন্ট নির্মাতা, ব্র্যান্ড ও ব্যবসায়ীদের বিক্রয়যোগ্য কনটেন্ট তৈরির টুল দিচ্ছে। নতুন ফিচারগুলোর মধ্যে শপ ট্যাবের মতো অপশন অছে। এতে ব্যবসা প্রতিষ্ঠানগুলো লজিস্টিকস ও পেমেন্ট সুবিধাসহ তাদের পণ্য দেখাতে পারবে। পণ্যের দামও টিকটকের মাধ্যমে পরিশোধ করা যাবে। এর সঙ্গে শপিফাই, সেলসফোর্স ও জেনডেস্কের মতো অন্য আরও থার্ড পার্টি প্ল্যাটফর্ম যুক্ত করার কথা জানিয়েছে টিকটক।

## দেশে আসছে ৩৫০ সিসির বাইক

বাংলাদেশে ১৬৫ সিসির উপরে বাইক চলাচলের অনুমতি নেই। যে কারণে রয়্যাল এনফিল্ড বা টিভিএসের ৩৫০ সিসির বাইক দেখে এতোদিন আফসোস করা ছাড়া আর কিছুই করার ছিল না। তবে এবার সেই আশা পূরণ হতে চলেছে। বাংলাদেশে এতোদিন দুর্ঘটনা এড়াতে ১৬৫ সিসির উপরে বাইক চালানোর অনুমতি দেওয়া হতো না। ২০১৭ সালের আগে এর সীমা ছিলো ১৫৫ সিসি। যদিও মোটরসাইকেলের সিসির সঙ্গে গতির কোনো সম্পর্ক নেই। ৩০০ বা ৫০০ সিসির মোটরসাইকেলে সর্বোচ্চ যে গতি তোলা যায়, ১৬৫ সিসি মোটরসাইকেলেও একই গতি তোলা সম্ভব। সম্প্রতি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এক বৈঠকে এ ধরনের মোটরসাইকেল উৎপাদন ও বিতরণের অনুমোদন দেওয়া হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেশে ৩৫০ সিসি পর্যন্ত মোটরসাইকেল চলাচলের অনুমতি দিয়েছে। তবে এ ধরনের মোটরসাইকেল সম্পূর্ণ তৈরি অবস্থায় আমদানি করা যাবে না। শুধু বিদেশ থেকে বিযুক্ত অবস্থায় (সিকেডি) আমদানি করে দেশের কারখানায় সংযোজন করে বাজারজাত করা যাবে। মোটরসাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা ২০১৮ অনুযায়ী নির্মাতারা ৫০০ সিসি পর্যন্ত ইঞ্জিনযুক্ত মোটরসাইকেল রপ্তানি করতে পারেন। কিন্তু এই বাইক চালানোর অনুমতি ছিল না দেশে। বাংলাদেশ ট্রেড ও ট্যারিফ কমিশন সিসির এই সীমাকে ৩৫০-এ উন্নীত করার সুপারিশ করে। আগামী বছরের জুলাইতে ৩৫০ সিসির রয়্যাল এনফিল্ড বাংদেশের বাজারে আনুষ্ঠানিকভাবে ছাড়ার কথা রয়েছে।

